

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৯৬০

৫/ হাজ (হজ/হজ) (এшы। باتك)

পরিচ্ছেদঃ ৭৭. মিনাতে সালাত আদায়

بَابُ الصَّلَاةِ بمِنِّي

### আরবী

حَدَّتَنَا مُسَدَّدُ، أَنَّ أَبَا مُعَاوِيَةً، وَحَفْصَ بْنَ غِيَاتٍ، حَدَّثَاهُ وَحَدِيثُ أَبِي مُعَاوِيَةَ أَتَمُّ، عَنِ الْأَعْمَشِ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ، قَالَ: صلَلَّى عُثْمَانُ بِمِنِى أَرْبَعًا، فَقَالَ عَبْدُ اللَّهِ: صلَّيْتُ مَعَ النَّبِيِّ صلَّى اللهُ عَلَيْهِ وَسلَّمَ رَكْعَتَيْنِ، وَمَعَ أَبِي بَكْرٍ رَكْعَتَيْنِ، وَمَعَ عَبْدُ اللَّهِ عَلَيْهِ وَسلَّمَ رَكْعَتَيْنِ، وَمَعَ أَبِي بَكْرٍ رَكْعَتَيْنِ، وَمَعَ عُثْمَانَ صَدْرًا مِنْ إِمَارَتِهِ، ثُمَّ أَتَمَّهَا زَادَ مِنْ هَا هُنَا عَمْ رَكْعَتَيْنِ، زَادَ، عَنْ حَفْصٍ، وَمَعَ عُثْمَانَ صَدْرًا مِنْ إِمَارَتِهِ، ثُمَّ أَتَمَّهَا زَادَ مِنْ هَا هُنَا عَنْ أَبِي مُعَاوِيَةَ، ثُمَّ تَفَرَّقَتْ بِكُمُ الطُّرُقُ فَلَوَدِدْتُ أَنْ لِي مِنْ أَرْبَعِ رَكَعَاتٍ رَكْعَتَيْنِ مُتَافِيةً بُنُ قُرَّةَتِيْنِ وَلَا اللَّهِ صَلَّى أَرْبَعَ لَكُودَ وَلَا اللَّهِ صَلَّى أَرْبَعَ رَكَعَاتٍ رَكْعَتَيْنِ مُتَافِيةً بَلْتَيْنِ وَلَا اللَّهِ صَلَّى أَرْبَع رَكَعَاتٍ رَكْعَتَيْنِ مُتَافِيةً اللَّهِ صَلَّى أَنْ لَي مِنْ أَنْ لِي مِنْ أَنْ بَعِ رَكَعَاتٍ رَكْعَتَيْنِ مُتَافِيةً اللَّهِ صَلَّى أَنْ لَقُ مَثُنُ عَنْ أَشْيَاخِهِ، أَنَ عَبْدَ اللَّهِ صَلَّى أَرْبَعًا، قَالَ: الْأَعْمَشُ عَلَى عُثْمَانَ ثُمَّ صَلَيْتُ أَرْبُعًا، قَالَ: الْخِلَافُ شَرَّ

صحيح

#### বাংলা

১৯৬০। 'আব্দুর রহমান ইবনু ইয়াযীদ (রহ.) সূত্রে বর্ণিত। তিনি বলেন, 'উসমান (রাযি.) মিনাতে চার রাক'আত সালাত আদায় করেছেন (কসর করেননি)। 'আব্দুল্লাহ বলেন, আমি নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে আবূ বকর ও 'উমার (রাযি.)-এর সাথে দুই রাক'আত সালাত আদায় করেছি। হাফস ইবনু গিয়াছের বর্ণনায় রয়েছে, এবং 'উসামন (রাযি.)-এর খিলাফাতের শুরুতে তার সাথেও দুই রাক'আত সালাত আদায় করেছি। অতঃপর 'উসমান (রাযি.) চার রাক'আত পড়েছেন।

অতঃপর বর্ণনাকারী আবৃ মু'আবিয়াহ থেকে অতিরিক্ত বর্ণনা করেন যে, পরে এ নিয়ে মতভেদ পরিলক্ষিত হয়। আমি নিজের জন্য চার রাক'আতের চেয়ে দুই রাক'আত মাকবুল সালাতই পছন্দ করি। আনাস (রাযি.) বলেন, মু'আবিয়াহ ইবনু কুররাহ তাঁর শায়েখদের সূত্রে আমাকে বলেছেন, পরে 'আব্দুল্লাহ (রাযি.) 'উসমান (রাযি.)-এর সাথে চার রাক'আতই পড়েছেন। কেউ তাকে জিজ্ঞেস করলো, 'উসমান (রাযি.) চার রাক'আত সালাত আদায়ের কারণে আপনি তার সমালোচনা করেছেন। অথচ দেখছি আপনিও চার রাক'আত আদায় করেছেন। তখন তিনি বললেন, মত পার্থক্য করা মন্দ কাজ।[1]



সহীহ।

## **English**

Narrated 'Abd al-Rahman b. Zaid:

'Uthman prayed four rak'ahs at Mina. 'Abd Allah (b. Mas'ud) said: I prayed two rak'ahs along with the Prophet () and two rak'ahs along with 'Umar. The version of Hafs added: And along with 'Uthman during the early period of his caliphate. He ('Uthman) began to offer complete prayer (i.e. four rak'ahs) later on. The version of Abu Mu'awiyah added: Then your modes of action varied. I would like to pray two rak'ahs acceptable to Allah instead of four rak'ahs.

Al-A'mash said: Mu'awiyah b. Qurrah reported to me from his teachers: 'Abd Allah (b. Mas'ud) once prayed four rak'ahs. He was told: You criticized 'Uthman but you yourself prayed four? He replied: Dissension is evil.

### ফুটনোট

[1]. বুখারী, মুসলিম, নাসায়ী।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবন ইয়াযীদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন